



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১

০২২২৩৩-৮৮৯৪৯

পিএবিএক্সঃ ০২২২৩৩-৮০০২১-২২

০২২২৩৩-৮০০২৪-২৫

০২২২৩৩-৮০০৩১-৩৫

ই-মেইলঃ dgmlad1@krishibank.org.bd

পত্র নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/১(৪৪)/২০২৩-২০২৪/৬৪১

তারিখঃ ১৩/০৯/২০২৩খ্রিঃ

প্রজ্ঞাপন

বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক অর্থায়িত কিংবা অর্থায়নযোগ্য প্রস্তাবনা বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সুপারিশ/মতামত প্রদানের জন্য সংশ্লিষ্ট কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নের লক্ষ্যে প্রধান কার্যালয় ও মাঠ কার্যালয়সমূহের ক্রেডিট কমিটি সমূহ পুনর্গঠনের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। এ লক্ষ্যে নিম্নোক্তভাবে ক্রেডিট কমিটি পুনর্গঠন করা হলো :

০১। প্রধান কার্যালয়ের ক্রেডিট কমিটি :

ক্রঃনং	পদবী	কমিটিতে অবস্থান
০১।	উপব্যবস্থাপনা পরিচালক-১	সভাপতি
০২।	উপব্যবস্থাপনা পরিচালক-২	সদস্য
০৩।	উপব্যবস্থাপনা পরিচালক-৩	সদস্য
০৪।	মহাব্যবস্থাপক, পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ	সদস্য
০৫।	মহাব্যবস্থাপক, ঋণ আদায় মহাবিভাগ	সদস্য
০৬।	মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়	সদস্য
০৭।	উপমহাব্যবস্থাপক, আইন বিভাগ	সদস্য
০৮।	উপমহাব্যবস্থাপক, ক্রেডিট বিভাগ	সদস্য-সচিব

০১.০১। উক্ত কমিটির কার্যপরিধি নিম্নরূপ হবেঃ

- পরিচালনা পর্ষদে উপস্থাপিতব্য এবং ব্যবস্থাপনা পরিচালক ও উপব্যবস্থাপনা পরিচালক এর এখতিয়ারাধীন সকল ঋণ প্রস্তাব ক্রেডিট কমিটিতে উপস্থাপিত হবে;
- প্রধান কার্যালয়ের সকল ধরনের নতুন ঋণ প্রস্তাব ক্রেডিট কমিটিতে উপস্থাপিত হবে;
- ব্যবস্থাপনা পরিচালক এর এখতিয়ারাধীন চলতি মূলধন ঋণ/নগদ পুঁজি ঋণ নবায়ন ও বর্ধিতকরণ, এলসি, ব্যাক টু ব্যাক এলসি, পিসি লিমিট, এলএটিআর/এলটিআর লিমিট, লিম ইত্যাদি নবায়ন এবং বর্ধিতকরণের প্রস্তাব সমূহ দ্রুত নিষ্পত্তির স্বার্থে ক্রেডিট কমিটিতে উপস্থাপন ছাড়াই বিবেচনা করা যাবে;
- বিবেচ্য প্রকল্পসমূহের প্রকল্প ঋণ, চলতি মূলধন ঋণ, অন্যান্য আর্থিক সুবিধা (এলসি, ব্যাক-টু-ব্যাক এলসি, পিসি, এলএটিআর/এলটিআর, লিম, ব্যাংক গ্যারান্টি), বিএমআরই ঋণ, ঋণ পুনঃতফসিলিকরণ, সুদ মওকুফ, অবলোপন এবং সংশ্লিষ্ট অন্য যে কোন বিষয় উপস্থাপিত হবে;
- রুগ্ন ও বন্ধ প্রকল্পসমূহকে লাভজনক পর্যায়ে উন্নীতকরণ অথবা অবসায়ন সংক্রান্ত সকল বিষয় উপস্থাপিত হবে;
- ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক নির্দেশিত যে কোন বিষয় সম্পর্কে মতামত/সুপারিশ প্রদান;
- ব্যাংক গ্যারান্টি ব্যক্তিগত (Individual) হলে সংশ্লিষ্ট কর্মকর্তাদের স্ব স্ব ক্ষমতানুযায়ী ইস্যু করতে পারবে। অনেকগুলো Component এর মধ্যে ব্যাংক গ্যারান্টি থাকলে তা ক্রেডিট কমিটিতে উপস্থাপন করতে হবে;
- কমিটি সাধারণত প্রতি সপ্তাহে বা পাক্ষিক ভিত্তিতে সভায় মিলিত হবে। প্রয়োজনে সপ্তাহের যে কোন দিন বা একাধিক দিন কমিটির সভা আহ্বান করা যাবে;

১৪

চলমান পাতা-০২

- (ঝ) সভাপতি মহোদয় এবং অন্য যে কোন ০৪ (চার) জন সদস্যের উপস্থিতিতে কমিটির যে কোন সভার কোরাম পূর্ণ হবে;
- (ঞ) সভাপতির অবর্তমানে/অনুপস্থিতিতে অপর জ্যেষ্ঠ উপব্যবস্থাপনা পরিচালক ক্রেডিট কমিটির সভার সভাপতিত্ব করবেন। সভাপতি/অপর জ্যেষ্ঠ উপব্যবস্থাপনা পরিচালকদ্বয়ের অবর্তমানে/অনুপস্থিতিতে প্রধান কার্যালয়ের জ্যেষ্ঠতম মহাব্যবস্থাপক ক্রেডিট কমিটির সভায় সভাপতিত্ব করবেন।

০১.০২। সংশ্লিষ্ট বিভাগীয় উপমহাব্যবস্থাপকগণ তাঁদের স্ব স্ব প্রস্তাবের সারসংক্ষেপ বিস্তারিত তথ্যসহ কমিটি সমীপে উপস্থাপন করবেন। বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়ের মহাব্যবস্থাপক তাঁর কার্যালয়ের নিজ ক্ষমতা বহির্ভূত সংশ্লিষ্ট উপস্থাপনযোগ্য ঋণ প্রস্তাবাদি সরাসরি প্রধান কার্যালয়ের ক্রেডিট কমিটি সভায় উপস্থাপন করবেন।

০২। মাঠ কার্যালয়ের ক্রেডিট কমিটি :

মাঠ কার্যালয়ের ব্যবসায়িক ক্ষমতার আওতাভুক্ত ঋণ প্রস্তাবসমূহ যথাযথ যাচাই-বাছাই, পরীক্ষা-নিরীক্ষা ও মূল্যায়নের লক্ষ্যে নিম্নোক্তভাবে বিভাগীয় ও মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ক্রেডিট কমিটি গঠন করা হলো। কমিটি ঋণ প্রস্তাবনার উপর মতামত/সুপারিশ করবে, যা মঞ্জুরকারী কর্তৃপক্ষ/কর্মকর্তা প্রস্তাব নিষ্পত্তির সময় বিবেচনায় রাখবেন।

২.১.(ক) বিভাগীয় কার্যালয় ক্রেডিট কমিটিঃ

ক্রমিক নং	কর্মকর্তা	পদমর্যাদা
০১।	মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়	সভাপতি
০২।	উপমহাব্যবস্থাপক (পরিচালন), বিভাগীয় কার্যালয়	সদস্য
০৩।	সদর দপ্তরের মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক	সদস্য
০৪।	সহকারী মহাব্যবস্থাপক / উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, বিভাগীয় কার্যালয়	সদস্য সচিব

২.১.(খ) স্থানীয় মুখ্য কার্যালয় ক্রেডিট কমিটি :

ক্রমিক নং	কর্মকর্তা	পদমর্যাদা
০১।	মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়	সভাপতি
০২।	উপমহাব্যবস্থাপক (জেনারেল ব্যাংকিং)	সদস্য
০৩।	উপমহাব্যবস্থাপক (বৈদেশিক বাণিজ্য)	সদস্য
০৪।	সহকারী মহাব্যবস্থাপক (বৈদেশিক বাণিজ্য)	সদস্য
০৫।	সহকারী মহাব্যবস্থাপক (ঋণ সেকশন)	সদস্য সচিব

২.১.(গ) মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় ক্রেডিট কমিটি :

ক্রমিক নং	কর্মকর্তা	পদমর্যাদা
০১।	মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়	সভাপতি
০২।	সদর দপ্তরের প্রধান শাখা ব্যবস্থাপক	সদস্য
০৩।	সহকারী মহাব্যবস্থাপক/উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়	সদস্য সচিব

২.১.(ঘ) কর্পোরেট শাখাসহ অন্যান্য সকল শাখার ক্ষেত্রে :

ক্রমিক নং	কর্মকর্তা	পদমর্যাদা
০১।	উপমহাব্যবস্থাপক/শাখা ব্যবস্থাপক	সভাপতি
০২।	সহকারী মহাব্যবস্থাপক/ উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা/দ্বিতীয় কর্মকর্তা	সদস্য
০৩।	ঋণ সংশ্লিষ্ট কর্মকর্তা	সদস্য সচিব

মাঠ পর্যায়ের কমিটির প্রয়োজনে আরেকজন কর্মকর্তাকে সদস্যভূক্ত (কো-অপ্ট) করার ক্ষমতা কমিটির সভাপতির এখতিয়ারভুক্ত থাকবে।

০২.২। মাঠ কার্যালয়ের ক্রেডিট কমিটি এর কার্যপরিধি :


- (ক) সকল ধরনের নতুন ঋণ ও বর্ধিতসহ নবায়ন প্রস্তাব (শাখা পর্যায়ে মঞ্জুরিযোগ্য শস্য ও কৃষি ঋণ ব্যতীত) ক্রেডিট কমিটিতে উপস্থাপিত হবে;
- (খ) বিবেচ্য প্রকল্পসমূহের প্রকল্প ঋণ, চলতি মূলধন ঋণ, অন্যান্য আর্থিক সুবিধা (এলসি; ব্যাংক-টু-ব্যাংক এলসি, পিসি, এলএটিআর/এলটিআর, লিম, ব্যাংক গ্যারান্টি), বিএমআরই ঋণ, ঋণ পুনঃতফসিলিকরণ, সুদ মওকুফ, অবলোপন এবং সংশ্লিষ্ট অন্য যে কোন বিষয় ক্রেডিট কমিটিতে উপস্থাপিত হবে;
- (গ) সিএমএসএমই ও কৃষি ভিত্তিক শিল্প এর প্রকল্প ও সকল ধরনের চলতি মূলধন নতুন ঋণ ও বর্ধিতসহ নবায়ন প্রস্তাব উপস্থাপিত হবে;
- (ঘ) রপ্তা ও বন্ধ প্রকল্পসমূহকে লাভজনক পর্যায়ে উন্নীতকরণ অথবা অবসায়ন সংক্রান্ত সকল বিষয় উপস্থাপিত হবে;
- (ঙ) ব্যাংক গ্যারান্টি ব্যক্তিগত (Individual) হলে সংশ্লিষ্ট কর্মকর্তাদের স্ব স্ব ক্ষমতানুযায়ী ইস্যু করতে পারবে। অনেকগুলো Component এর মধ্যে ব্যাংক গ্যারান্টি থাকলে তা ক্রেডিট কমিটিতে উপস্থাপিত হবে;
- (চ) বিএমআরই, ঋণ পুনঃতফসিলিকরণ, সুদ মওকুফ ও অবলোপন ক্রেডিট কমিটিতে উপস্থাপিত হবে;
- (ছ) কমিটি সাধারণত প্রতি সপ্তাহে বা পার্শ্বিক ভিত্তিতে সভায় মিলিত হবে। প্রয়োজনে সপ্তাহের যে কোন দিন বা একাধিক দিন কমিটির সভা আহ্বান করা যাবে;
- (জ) সভাপতি মহোদয় এবং অন্য যে কোন ০২(দুই) জন সদস্যের উপস্থিতিতে কমিটির যে কোন সভার কোরাম পূর্ণ হবে।

০৩। ক্রেডিট কমিটির দায়িত্ব ও কর্তব্য :

সরকারি আইন, বাংলাদেশ ব্যাংকের নীতিমালা এবং MoU, ব্যাংকের ঋণ নীতি ও ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা গাইডলাইন, ঋণ সংশ্লিষ্ট বিভিন্ন সার্কুলার ও ম্যানুয়াল ইত্যাদিসহ সকল ঋণ নিয়মাচার অনুসরণপূর্বক যে সকল ঋণ প্রস্তাব বা ঋণ সংশ্লিষ্ট প্রস্তাব ক্রেডিট কমিটি বরাবরে উপস্থাপন করা হবে সে সকল প্রস্তাবের ইতিবাচক ও নেতিবাচক উভয়দিক পর্যালোচনা করার পর ক্রেডিট কমিটি সুপারিশ/মতামত প্রদান করবে। প্রধান কার্যালয়ের ক্রেডিট কমিটিসহ যে কোন ক্রেডিট কমিটি কর্তৃক নাকচকৃত ঋণ প্রস্তাব ব্যবস্থাপনা পরিচালক/যথার্থ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ফেরত প্রদান/শাখাকে অবহিত করতে হবে। নাকচকৃত প্রস্তাবসমূহের রেকর্ড সংরক্ষণ করতে হবে।

০৪। প্রধান কার্যালয়ের মঞ্জুরিতব্য ঋণ প্রস্তাবসমূহের ক্ষেত্রে প্রধান কার্যালয়ের ক্রেডিট কমিটির সুপারিশ/মতামতের আলোকে সিদ্ধান্ত গৃহীত হয় বিধায় মাঠ পর্যায়ের ক্রেডিট কমিটিতে উপস্থাপনের প্রয়োজন নেই।

০৫। ক্রেডিট কমিটি সংশ্লিষ্ট ইতিপূর্বে জারীকৃত সকল নির্দেশনা ও প্রজ্ঞাপন এতদ্বারা বাতিল করা হলো। এই আদেশ/প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।




(মোঃ শওকত আলী খান)

ব্যবস্থাপনা পরিচালক

বিতরণ :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
- ০৪। সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়সমূহ।
- ০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপমহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
- ০৭। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৮। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৯। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১০। নথি/মহানথি।



(মোহাঃ খালেদুজ্জামান)
মহাব্যবস্থাপক